

বই বিতরণে অর্থ নেয়ায় প্রধান শিক্ষক লাঞ্চিত

■ রাজীবপুর (কুড়িগ্রাম) সুবোধদাতা

বিনামূল্যে পাঠ্য বই বিতরণের সময় অর্থ আদায়ের ঘটনাকে কেন্দ্র করে এক প্রধান শিক্ষককে মারধর করা হয়েছে। অভিভাবকরা স্কুলে উপস্থিত হয়ে প্রধান শিক্ষককে মারধর ও কুলের অর্থ অবরুদ্ধ করে রাখা প্রায় দুই ঘণ্টা পর স্কুল পরিচালনা কমিটি ও স্থানীয় আওয়ামী লীগ নেতারা এই শিক্ষককে উদ্ধার করে আহত অবস্থায় রৌমারী উপজেলার হাছা কমপ্লেক্সে ভর্তি করায়। শনিবার সকালে ঘটনাটি ঘটে রৌমারী উপজেলার ফুলবাড়ি উচ্চ বিদ্যালয়ে।

স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, প্রধান শিক্ষক আব্দুস সালাম বিনামূল্যে পাঠ্য বই বিতরণের সময় শিক্ষার্থী প্রতি ৬শ থেকে ৭শ টাকা করে দাবি করছে। টাকা না দিলে বইও দেয়া হচ্ছে না। ফুলবাড়ি গ্রামের অভিভাবক বাদশা মিয়া ও আনোয়ার হোসেন বলেন, আমরা স্কুলে উপস্থিত হয়ে টাকা নেয়ার কারণ জানতে চাইলে হেড মাস্টার আশাদের ওপর ক্রিষ্ট হয়ে বের করে দেয়ার চেষ্টা করেন। এসময় অনেক অভিভাবক ক্ষিপ্ত হয়ে হেড মাস্টারের ওপর চড়াও হয়। অভিভাবক আবু সাঈদ, সুফিয়া খাতুন জানান, এ কারণে প্রধান শিক্ষককে তার ককে আটকে রাখা হয়।

এ প্রসঙ্গে স্কুলের প্রধান শিক্ষক আব্দুস সালাম বলেন, স্কুল পরিচালনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক পাঠ্য বই বিতরণের সময় ওই টাকা নেয়া হচ্ছে।